



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/সাধারণ-১৪/২৬৬

তারিখ : ১৪-০৬-২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সালের অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় ব্যবহারের জন্য নিম্নে বর্ণিত তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার পরীক্ষা কেন্দ্রের প্রয়োজনীয় সংখ্যক অলিখিত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্রসহ আনুষঙ্গিক যাবতীয় মালামাল অত্র বোর্ডের সাধারণ বিভাগ হতে সরবরাহ করা হবে। নির্ধারিত তারিখে স্ব স্ব কেন্দ্রের মালামাল গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক | বিতরণের তারিখ | জেলার নাম              | কেন্দ্র সংখ্যা |
|--------|---------------|------------------------|----------------|
| ১.     | ১৭-০৬-২০২৬    | বাগেরহাট               | ২৩             |
| ২.     | ১৮-০৬-২০২৬    | খুলনা                  | ৪৮             |
| ৩.     | ২০-০৬-২০২৬    | সাতক্ষীরা              | ২৩             |
| ৪.     | ২১-০৬-২০২৬    | কুষ্টিয়া              | ২৪             |
| ৫.     | ২২-০৬-২০২৬    | চুয়াডাঙ্গা ও মেহেরপুর | ১২+০৮          |
| ৬.     | ২৩-০৬-২০২৬    | বিনাইদহ                | ২৬             |
| ৭.     | ২৪-০৬-২০২৬    | নড়াইল ও মাগুরা        | ১০+১৪          |
| ৮.     | ২৫-০৬-২০২৬    | যশোর                   | ৫২             |

উল্লেখ্য, নির্ধারিত তারিখে মালামাল গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না।

বি. দ্র. : (১) মালামাল গ্রহণের আবেদনের সাথে ২০২৬ সালের এইচএসসি কেন্দ্র নবায়ন ফিস ২০০০/- (দুই হাজার) টাকা জমা দেওয়ার সোনালী সেবার রশিদ এবং নতুন কেন্দ্রের ক্ষেত্রে কেন্দ্র অনুমতিপত্র ও কেন্দ্র স্থাপন ফিস ৬০০০/- (ছয় হাজার) টাকা জমার সোনালী সেবার রশিদ অবশ্যই দাখিল করতে হবে। ব্যবহারিক পরীক্ষা শেষে ব্যবহারিক উত্তরপত্রসহ উদ্ভূত অলিখিত উত্তরপত্র ও অব্যবহৃত প্রশ্নপত্রসহ সকল মালামাল বোর্ডে জমা দেয়ার তারিখ পরে জানিয়ে দেয়া হবে।

১৪-০৬-২০২৬

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন: ০২৪৭৭৭৬২৭১৪

মোবাইল: ০১৭৩৩-২২২০০৩

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এইচএসসি পরীক্ষা-২০২৬

এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র

স্মারক নং-পনি/সাধারণ-১৪/২৬৬

তারিখ : ০৮-০৬-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/বিনাইদহ/মাগুরা
- ২। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতায় সকল উপজেলা
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতায় সকল উপজেলা
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। অফিস কপি

১৪-০৬-২০২৬

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড